



স্মারক নং- ৫১.০১.৭৮৯৭.০০২.১১.০০৮.১৯- ২৫

তারিখ: ২৩.০১.২০২০ খ্রি.

শুমারিকর্মী (তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার) নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নায়ী 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূলশুমারির গণনা কার্যক্রমে সম্পূর্ণ অস্থায়ীভাবে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিতশর্তে শুধুমাত্র রাঙ্গাবালী উপজেলায় স্থায়ী ভাবে বসবাসকারী বেকার নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বহস্তে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদেরনাম	প্রাপ্যভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মানিতভাষা প্রাপ্য হবেন	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সপেন্ডিচার্স ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্ট ফোনের স্ক্রীন-সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজ বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	ঐ	১) ন্যূনতম এইচএসসি বা সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সপেন্ডিচার্স ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন-সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

১. নির্ধারিত আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাঙ্গাবালী, পটুয়াখালী থেকে সংগ্রহ করা যাবে এবং উক্ত অফিসের ওয়েবসাইট (www.rangabali.patuakhali.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে।
২. লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমের সময় মোট ১০ (দশ) দিন। প্রতি তালিকাকারী উক্ত ১০(দশ) দিনে কম-বেশি ৪০০ (চারশত) খানার তালিকা করবেন। মূলশুমারিতে (জানুয়ারি/২০২১) প্রতিগণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশি) খানার তথ্য সংগ্রহ করবেন।
৩. লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
৪. কেবল মাত্র বেকার যুবক/যুবতীরা শুমারিকর্মী হিসেবে আবেদন করতে পারবেন। চাকরিরত কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
৫. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্যক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
৬. লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেই অন্যান্য কর্মে নিযুক্ত করতে পারবেন না।
৭. শুমারিকর্মীকে রাঙ্গাবালী উপজেলার যে কোন মৌজায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
৮. নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
৯. লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূলশুমারিতেও যথাক্রমে অস্থায়ীভাবে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
১০. সকল পদের দরখাস্তের খামের উপর ডানপার্শ্বে পদের নাম, নিজ ইউনিয়ন এবং মৌজার নাম উল্লেখপূর্বক আগামী ০৩/০২/২০২০ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাঙ্গাবালী, পটুয়াখালী সরাসরি অথবা বাহক মারফত অফিসচলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
১১. বাছাই পরীক্ষার তারিখ: সকল ইউনিয়ন: ০৬.০২.২০২০ খ্রি. তারিখ।
১২. শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়া ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাঙ্গাবালী, পটুয়াখালী এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
১৩. নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল হয়ে যাবে।
১৪. নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩/০১/২০২০

মোঃ মাসরুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
শুমারিকর্মী নির্বাচন কমিটি
রাঙ্গাবালী, পটুয়াখালী।